**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 10.02.2025** **Desk in Charge : S.D.G.**
**Time : 7.35 A.M.** **Compiling & NR : P.P.M.**

**Opening Announcement :-** আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ–

১) রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আজ রাজ্যপাল সি ভি আনন্দ বোসের অভিভাষণের মধ্য দিয়ে শুরু হচ্ছে। # বাজেট পেশ হবে ১২ তারিখ।

২/ রাজ্যে আজ থেকে শুরু হচ্ছে মাধ্যমিক ও মাদ্রাসা পরীক্ষা।

# প্রশাসনের তরফে পরীক্ষা সুষ্ঠু ও নির্বিঘ্ন রাখতে নেওয়া হয়েছে একাধিক পদক্ষেপ।

৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ 'পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানে পড়ুয়া-শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকদের সঙ্গে মত বিনিময় করবেন।

৪/ সুপ্রিম কোর্টে আজ SSC চাকরী বাতিল সংক্রান্ত মামলাটির শুনানি হবে।

৫/ কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন, এবারের বাজেটে সরকার দেশের মধ্যবিত্ত সমাজের জন্য বড় উদ্যোগ নিয়েছে।

*************************************************************************

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আজ রাজ্যপাল সি ভি আনন্দ বোসের অভিভাষণের মধ্য দিয়ে শুরু হচ্ছে।

অধিবেশনে প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং- এর প্রতি শ্রদ্ধা জানাতে একটি প্রস্তাব আনা হবে। আগামীকাল এই প্রস্তাবের ওপর আলোচনা হবে।

১২ তারিখ, বুধবার অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য বিধানসভায় রাজ্য বাজেট পেশ করবেন। পরদিন রাজ্যপালের ভাষণের উপর আলোচনা হবে।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ বাজেট)

**************************

এদিকে, বাজেট অধিবেশনের আগে তৃণমূল কংগ্রেস পরিষদীয় দল আজ বৈঠকে বসবে। দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে বিধানসভার নৌসর আলী কক্ষে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য দলের সব বিধায়কদের 'হুইপ' জারি করা হয়েছে।

বাজেট অধিবেশনে বিধায়কদের ভূমিকা, মন্ত্রী ও সদস্যদের সঠিক সময়ে উপস্থিতি নিয়ে এই বৈঠকে আলোচনা হবে বলে জানা গেছে। নিষ্ক্রিয় বিধায়ক এবং দলের নীতি লঙ্ঘন করে দল বিরোধী মন্তব্য বা কাজ করা বিধায়কদের সতর্ক করা হতে পারে বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য বর্তমানে বিধানসভায় তৃণমূল কংগ্রেসের ২২১ জন সদস্য রয়েছেন।

**************************

রাজ্যে আজ মাধ্যমিক ও মাদ্রাসা পরীক্ষা শুরু হচ্ছে। মাধ্যমিক চলবে ২২ শে ফেব্রুয়ারি পর্যন্ত। এবার দু'হাজার ৬৮৩টি কেন্দ্রে মোট ৯ লক্ষ ৮৪ হাজার ৭৫৩ জন পরীক্ষা দেবে।

প্রশাসনের তরফে জানানো হয়েছে, উত্তরবঙ্গের অরণ্য সংলগ্ন অঞ্চল এবং জঙ্গল মহল লাগোয়া এলাকায় পরীক্ষার্থীদের নিরাপত্তায় বিশেষভাবে সক্রিয় বনদপ্তর। হাতির দলের ওপর নজর রাখতে নামানো হয়েছে ড্রোন ও থার্মাল ক্যামেরা।

আমাদের প্রতিনিধি জানাচ্ছেন- ( ভিসি- অভিজিৎ )

মাধ্যমিক শুরু হবে সকাল ১১'টায়, চলবে বেলা ২'টো পর্যন্ত।

পরীক্ষার্থীদের জন্য প্রশাসনের তরফে নেওয়া হয়েছে একাধিক পদক্ষেপ। কোনও পরীক্ষার্থী অসুস্থ হলে দ্রুত চিকিৎসা শুরুর জন্য সমস্ত সরকারি হাসপাতালকে 'সিক বেড' রাখার নির্দেশ দেওয়া হয়েছে। কলকাতা পুলিশ চালু করেছে হেল্পলাইন নম্বর। কেউ সমস্যায় পড়লে ৯৪৩২-৬১০০-৩৯ এই নম্বরে ফোন করে সাহায্য চাওয়া যাবে। পরীক্ষার্থীদের যাতায়েতের সুবিধার্থে পরিবহন দপ্তর পরীক্ষার দিনগুলিতে **বিশেষ বাস** পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। পশ্চিমবঙ্গ পরিবহণ নিগম বা WBTC জানিয়েছে, সকাল সাড়ে ৬'টা থেকে ১০ টা এবং দুপুর ২'টো থেকে বিকেল ৫'টা পর্যন্ত 'পরীক্ষা স্পেশাল' লেখা এই বিশেষ বাস চলবে। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা- SBSTC ওই দিনগুলিতে অতিরিক্ত বাস চালাবে এবং 'নন স্টপ' বাসগুলি সব স্টপেজেই থামবে। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা- NBSTC, চা বাগান ও অন্যান্য অনিয়মিত রুটে পরিষেবা দেবে। চলবে ৯৩টি অতিরিক্ত বাস।

অন্যদিকে, পূর্ব রেলের হাওড়া ডিভিশন, পরীক্ষার দিনগুলিতে হাওড়া-আজিমগঞ্জ গণদেবতা এক্সপ্রেস এবং আজিমগঞ্জ–হাওড়া কবিগুরু এক্সপ্রেসকে লোহাপুর স্টেশনে এক মিনিট করে স্টপেজ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

************************

রাজ্যে মাদ্রাসা শিক্ষা পর্ষদের হাই মাদ্রাসা, আলিম এবং ফাজিল পরীক্ষাও শুরু হচ্ছে আজ। পরীক্ষা চলবে ২৫ শে ফেব্রুয়ারী পর্যন্ত।

এবছর মোট পরীক্ষার্থীর সংখ্যা ৬৫ হাজার ৪ জন। মোট পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ২০৬টি। এবছর, হাই মাদ্রাসায়- ৪৭ হাজার ৩৭৬ জন, আলিম পরীক্ষায়-১২ হাজার ৫০৩ ও ফাজিল পরীক্ষায় ৫ হাজার ১২৫ জন পরীক্ষার্থী রয়েছে।

রাজ্যের মধ্যে সবচেয়ে বেশী মাদ্রাসা পরীক্ষার্থী রয়েছে মুর্শিদাবাদ জেলায়-

১৫ হাজার ৫৬৩ জন।

************************

মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় আগেই জানিয়েছেন, প্রশ্ন ফাঁস ও টোকাটুকি রুখতে বিশেষ নজর দেওয়া হবে। শৌচালয়েও চলবে আলাদা করে নজরদারি। কারো কাছে কোনোরকম ডিভাইস পাওয়া গেলে, তার রেজিস্ট্রেশন'ও বাতিল হতে পারে।

পরীক্ষার্থীদের পাশাপাশি নজরদারির দায়িত্বে থাকা শিক্ষক ও শিক্ষাকর্মী নিজের কাছে মোবাইল ফোন বা কোনো বৈদ্যুতিন যন্ত্র রাখতে পারবেন না।

************************

মাধ্যমিক চলাকালীন পরীক্ষা কেন্দ্রগুলি বা ভেনুতে পঠন-পাঠন বন্ধ থাকবে বলে বিজ্ঞপ্তি জারি করেছে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ১০'ই ফেব্রুয়ারি থেকে ২০ ফেব্রুয়ারি এবং যে পরীক্ষা কেন্দ্রগুলিতে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা রয়েছে, সেখানে ২২ ফেব্রুয়ারি, পঠন-পাঠন বন্ধ থাকবে।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানে পড়ুয়া, শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের সঙ্গে আজ মত বিনিময় করবেন। নতুন দিল্লির ভারত মন্ডপমে আয়োজিত এই অনুষ্ঠানের জন্য সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ৩৬ জন পড়ুয়াকে নির্বাচিত করা হয়েছে।

সকাল ১১-টা থেকে গীতাঞ্জলী, সঞ্চয়িতা এবং FM গোল্ড প্রচারতরঙ্গে একযোগে এই অনুষ্ঠান শোনা যাবে। অনুষ্ঠানটির বাংলা অনুবাদ প্রচারিত হবে রাত সাড়ে ৯ টায় আকাশবাণী কলকাতার গীতাঞ্জলী এবং FM গোল্ড প্রচারতরঙ্গে। কলকাতা থেকে প্রচারিত এই অনুষ্ঠান, বিভিন্ন রিলে কেন্দ্র থেকে সম্প্রচার করা হবে।

এছাড়াও আকাশবাণী, দূরদর্শন, স্বয়ম, স্বয়মসভা, PMO, ইউটিউব চ্যানেল, শিক্ষা ও তথ্য সম্প্রচার মন্ত্রকের সোস্যাল মিডিয়া চ্যানেলেও অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে।

************************

সুপ্রিম কোর্টে আজ SSC চাকরী বাতিল সংক্রান্ত মামলাটির শুনানি হবে।
প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে এই মামলার শুনানি হওয়ার কথা। ২৬ হাজার শিক্ষক ও অশিক্ষক কর্মী, চাকরি বাতিলের কলকাতা হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে আবেদন জানান।

এদিকে, রাজ্যের প্রাক্তন শিক্ষা প্রতিমন্ত্রী পরেশচন্দ্র অধিকারীর মেয়ে অঙ্কিতা অধিকারীও সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন। হাইকোর্টের তৎকালীন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের আড়াই বছর আগে তাঁর চাকরী বাতিলের রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ্ হয়েছেন। আজ সেই মামলার'ও শুনানি হতে পারে।

************************

কেন্দ্রীয় সরকার, চলতি বাজেটে দেশের মধ্যবিত্ত সমাজের জন্য বিরাট উদ্যোগ নিয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান দাবি করেছেন।
কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী বলেন, বছরে ১২'লক্ষ টাকা পর্যন্ত আয়ে কর ছাড় দিয়ে মধ্যবিত্তদের আবেগকে গুরুত্ব দেওয়া হয়েছে। তিনি বলেন, এই বাজেট- বৃদ্ধি কেন্দ্রিক। বাজেটে প্রাইভেট সেক্টর বিশেষ সুবিধা পাবে এবং তাদেরও বিনিয়োগে অগ্রগতি আসবে। এছাড়া বিকশিত ভারতের জন্য দেশের যে ক্ষেত্রগুলি গুরুত্বপূর্ণ সেই কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, পানীয় জল, MSME সবক্ষেত্রেই বিশেষ নজর দেওয়া হয়েছে।
পশ্চিমবঙ্গে আগামী বিধানসভা নির্বাচনে বিজেপি ক্ষমতায় আসবে বলে মন্ত্রী আশা প্রকাশ করেছেন।

************************

বাসন্তী হাইওয়েতে ভয়াবহ দুর্ঘটনা জখম হয়েছেন ১০ জন। এদের মধ্যে গুরুতর আহত এক শিশু সহ পাঁচ জন।

জানা গেছে, গতকাল (রবিবার) সন্ধ্যায় বাসন্তী হাইওয়ে দিয়ে শাকসার মেলা থেকে অটো করে রাজারহাটে ফিরছিলেন বেশ কয়েকজন। সেইসময় বৈরামপুর মোড়ে উল্টো দিক থেকে আসা একটি গাড়ি টায়ার ফেটে নিয়ন্ত্রণ হারিয়ে যাত্রী বোঝাই অটোটিকে সজোরে ধাক্কা মারে। অটোটি দুমড়ে-মুচড়ে যায়। ট্রাফিক গার্ড পুলিশ ঘটনাস্থলে গিয়ে আহতদের উদ্ধার করে নলমুড়ি হাসপাতালে পাঠায়।

তবে অবস্থা আশঙ্কাজনক হওয়ায়, পাঁচজনকে স্থানান্তরিত করা হয়েছে কলকাতার SSKM হাসপাতালে।

*************************

হুগলীর রিষড়াতে একটি পুরানো বাড়ীর দোতলায় গতরাতে আগুন লাগে। দমকলের তিনটি গাড়ি প্রায় সাড়ে তিন ঘন্টার চেষ্টায় আগুন নেভাতে সক্ষম হয়। বাসিন্দাদের নিরাপদে সরিয়ে নেওয়ায় হতাহতের খবর নেই।

*************************

পূর্ব বর্ধমানের কেতুগ্রামের চেঁচুড়িতে গতকাল সন্ধ্যায় বোমা বিস্ফোরণে একটি বাড়ির শৌচালয়ের কংক্রিটের ছাদ উড়ে যায়। ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়ায়। বাড়িটিতে বেশ কিছু বোমা মজুত ছিল বলে পুলিসের অনুমান।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ওই বাড়িতে সে সময় কেউ না থাকায় হতাহতের খবর নেই।

*****************************************************************